

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
বিপিপিএ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bppa.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০০৭.২৩-১৬৯

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৭ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকার ২০২৪-২০২৫ অর্থ বছরের ই-জিপিতে আস্থানকৃত Tender ID. 997650 (Procurement of Non EDCL Medicine) (Part-1) এবং 998719 (Procurement of Chemical Reagents) (Part-2) দরপত্র দুটি অনুমোদন সংক্রান্ত।


সূত্র: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগের এর স্মারক নং ৪৫.০০.০০০০.১৫৭.০৭.০০১.২৪-১৩৬; তারিখ: ০৬/১১/২০২৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ ২০০৬) এর বিধি-বিধানের আলোকে দরপত্র প্রক্রিয়ায় অবাধ প্রতিযোগিতা নিশ্চিতকরণ অন্যতম একটি মূলনীতি। পাবলিক প্রকিউরমেন্ট বিধিসমূহ, ২০০৮ (পিপিআর-২০০৮) এর ৯৮ (১৪) ও (২৭) অনুযায়ী একটিমাত্র দরপত্র গ্রহণযোগ্য বিবেচিত হলে দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক উক্ত দরপত্রদাতার সাথে চুক্তি সম্পাদনের সুপারিশ করতে পারে। পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ এর উক্তরূপ বিধান অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ সামগ্রিকভাবে বিবেচনা করে অনুমোদনকারী কর্তৃপক্ষ বিধি ১১(২) এর আলোকে দরপত্র অনুমোদন, পুনঃমূল্যায়ন বা নতুনভাবে ক্রয় পুনঃপ্রক্রিয়াকরণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের এখতিয়ার সংশ্লিষ্ট ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষের। উল্লেখ্য, দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ পুনঃমূল্যায়ন বা নতুনভাবে ক্রয় পুনঃপ্রক্রিয়াকরণের বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ক্ষেত্রে ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষকে বিধি অনুযায়ী আবশ্যিকভাবে কারণ ব্যাখ্যা করতে হবে।

০২। সূত্রে উল্লিখিত পত্রের পরিপ্রেক্ষিতে আরো জানানো যাচ্ছে যে, বিপিপিএ কর্তৃক প্রণীত আদর্শ দরপত্র দলিলের (Standard Tender Document-STD) দরপত্র উপাত্ত শীট (Tender Data Sheet-TDS)-এর বিভিন্ন অংশ ক্রয়কারী কর্তৃক তথ্য প্রদানের জন্য ফাঁকা (Blank) থাকে। দরপত্র দলিল (Tender Document-TD) প্রণয়নকালে ক্রয়কারী কর্তৃক দরপত্রদাতাদের যোগ্যতা ও অন্যান্য শর্তাদি নির্ধারণ করা হয়ে থাকে। আদর্শ দরপত্র দলিল (STD) এর আলোকে দরপত্র দলিল (TD) প্রণয়নকালে অন্যান্য বিষয়াদির মধ্যে দরপত্র প্রক্রিয়ায় প্রতিযোগিতার বিষয়টি নিশ্চিত করার দায়িত্ব সংশ্লিষ্ট ক্রয়কারীর।

০৩। সূত্রে উল্লিখিত পত্রের পরিপ্রেক্ষিতে বর্ণিত বিষয়ে প্রেরিত তথ্য ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মতামত প্রদান করা হলো। এ মতামত শুধু সূত্রে উল্লিখিত পত্রের বিষয়ে প্রযোজ্য হবে।

সিনিয়র সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়


২৭/১১/২০২৪
(মোঃ হারুন অর রশীদ)
পরিচালক (উপসচিব)
মোবাইল: ০১৭১৬৩৮১৯৬০
ই-মেইল: bppadir7@bppa.gov.bd

[দৃষ্টি আকর্ষণ: মুগ্ধসচিব (ক্রয় ও সংগ্রহ অধিশাখা)]

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়ঃ

- ১। সচিবের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও)'র ব্যক্তিগত কর্মকর্তা, বিপিপিএ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অফিস কপি।